WASHING MACHINE

ব্যবহার নির্দেশনাবলী

মডেল: **LUX-30** (৮ কেজি)

ওয়াশিং মেশিন স্থাপন এবং ব্যবহার করার আগে এই নির্দেশাবলী অবশ্যই পড়ুন এবং সযত্নে রাখুন।

আপনি যদি নির্দেশাবলী অনুসরণ করেন, তাহলে আপনার প্রোডাক্ট আপনাকে অনেক সময়ের ভালো সেবা প্রদান করবে।

সূচিপত্র

নিরাপত্তা সতর্কতা.....................................২

গুরুত্বপূর্ণ তথ্যসমূহ.....................................২

প্রোডাক্টের যন্ত্রাংশ পরিচিতি.....................................৩

মেশিন স্থাপন পদ্ধতি.....................................৬

মেশিন পরিচালনা.....................................৯

মেশিন রক্ষণাবেক্ষণ.....................................১৪

কাপড়ের কেয়ার লেবেল.....................................১৬

সমস্যা ও প্রাথমিক সমাধান.....................................১৬

নিরাপত্তা সতর্কতা

১) সংযোগ দেয়ার আগে নিশ্চিত হয়ে নিন আপনার বিদ্যুৎ সকেট লাইনে সঠিক আর্থিং সংযোগ আছে কিনা। সকেট টি হতে হবে ৩ পিনের, ২২০ ভোল্ট, ৫০ হার্জ লাইনের। মাল্টিপ্লাগের একাধিক সংযোগ একসাথে চলমান রাখতে চাইলে অন্যান্য লোডের পাওয়ার হিসেব করে তারপর সিদ্ধান্ত নিন।
২) ওয়াশিং মেশিনের ব্যবহার অনুপযোগী কম বিদ্যুৎ পরিবাহী সকেট ব্যবহার করবেন না ।
৩) কোনভাবে ক্ষতিগ্রস্থ বা ঢিলা হয়ে যাওয়া প্লাগ বা সকেট অবিলম্বে পরিবর্তন করুন।
৪) মেশিন পরিচালনার সময় দরজাটি খুব গরম হতে পারে। তাই মেশিন থেকে বাচ্চা এবং পোষা প্রাণীদের দূরে রাখুন।
৫) প্লাগ খোলা এবং পানির কল বন্ধ করার আগে বিদ্যুৎ সংযোগ বন্ধ করে নিন।
৬) প্রতিটি অপারেশনের আগে মেশিনটির টাবের ভেতরে ভালভাবে চেক করে নিশ্চিত হয়ে নিন কোন অনাকাঙ্ক্ষিত বস্তু আছে কিনা।
৭) শারীরিক, সংবেদনশীল বা মানসিক ভারসাম্যহীন বা অনভিজ্ঞ ব্যক্তিদের দ্বারা মেশিন পরিচালনা করাবেন না।
৮) মেশিনের আশে পাশে শিশুদের খেলতে নিষেধ করুন।
৯) মেশিনে কোনো সমস্যা দেখা দিলে নিজে নিজে সমাধান করতে যাবেন না। সার্ভিস সেন্টারে যোগাযোগ করুন।
১০) পাওয়ার প্লাগ ভেজা হাতে খোলা বা লাগানো কোনটাই করবেন না।
১১) ওয়াশিং মেশিন থেকে গরম পানি নিষ্কাশনের সময় গরম পানির আঁচ এড়াতে সতর্ক থাকুন।
১২) বাচ্চাদের মেশিনটির উপর বসতে দিবেন না।
১৩) কোন প্রোগ্রাম চালু না থাকলে পানির ট্যাঁপ বন্ধ করে রাখবেন।

গুরুত্বপূর্ণ তথ্যসমুহ

১) মেশিনটির কোন অংশ হারিয়ে গেলে বা ভাঙ্গা থাকলে মেশিনটি চালাবেন না।
২) মেশিনের সাথে থাকা নতুন হুস পাইপ ব্যবহার করুন।
৩) মেশিনের দরজা খুলে দেয়ার পূর্বে ড্রামের ভেতরের পানি নিষ্কাশন হয়েছে কিনা নিশ্চিত হয়ে নিন। পানি থাকলে দরজা খুলবেন না। নাহলে ভেতরের ফেনা/পানি বাইরে বের হয়ে আসবে।
৪) নির্মাতার নির্দেশনা এবং স্থানীয় সুরক্ষা নিয়ম অনুযায়ী পানি এবং ওয়াশিং মেশিনটি একজন দক্ষ এক্সপার্টের দ্বারা সংযুক্ত করুন।
৫) ওয়াশ বা স্পিন চলমান অবস্থায় দরজা খোলার চেষ্টা করবেন না।
৬) মেশিনের উপর গরম বা ভারী কিছু রাখবেন না।
৭) অনুগ্রহপূর্বক ৫০ ডিগ্রি এর বেশি গরম পানির লাইন সংযুক্ত করবেন না।
৮) মেশিনটি স্যাতস্যাতে জায়গা বা বাথরুমে রাখবেন না। মেশিনটি পানি দিয়ে ওয়াশ করবেন না। কন্ট্রোল প্যানেলের উপর ভেজা কাপড় রাখবেন না।
৯) সরাসরি সূর্যের আলো, বৃষ্টির পানি বা তাপীয় বস্তুর পাশে রাখবেন না।

১০) কাপড় ওয়াশ করার আগে কাপড়ের পকেট ভালোভাবে চেক করে সম্পূর্ন খালি করে নিতে হবে। কয়েন বা অন্য যে কোন কিছু ড্রামের মধ্যে পড়লে মেশিন এবং কাপড়ের ক্ষতি হবে।

১১) ওয়াশিং মেশিনের জন্য উপযুক্ত এবং মানসম্মত ডিটারজেনট ব্যবহার করতে হবে । অতিরিক্ত ডিটারজেনট ব্যবহার মেশিনের ক্ষতি সাধন করতে পারে।

১২) প্যাকেজিং উপকরণ বাচ্চাদের থেকে দূরে নিরাপদে রাখুন এবং সংরক্ষন করুন যা পরবর্তীতে মেশিন স্থানান্তর করার সময় প্রয়োজন হতে পারে।

১৩) মেশিনে ওয়াটার-প্রুফ জ্যাকেট বা কাপড় ওয়াশ করবেন না।

১৪) মেশিনে ধাতব তৈরি কার্পেট এবং স্টিল ওয়্যার ধোওয়া সম্পূর্ণ নিষিদ্ধ।

১৫) প্রোগ্রাম সম্পন্ন হওয়ার পর দরজা খলার জন্য ২ মিনিট অপেক্ষা করুন।

১৬) ওয়াশিং এর পূর্বে প্যান্টের চেইন, হুক বন্ধ করে রাখুন।

১৭) রং বুঝে জামা কাপড় ওয়াশ করতে হবে। গাড় রং এর কাপড় কখনোই হালকা রঙের কাপড়ের সাথে ধোওয়া উচিত নয়।

১৮) যে কোন গাড় দাগের কাপড় মেশিনে দেয়ার আগে ডিটারজেন্ট দিয়ে হালকা করে ধুয়ে নিতে হবে।

প্রোডাক্টের যন্ত্রাংশ পরিচিতি

৩.১ ওয়াশিং মেশিনের বিভিন্ন অংশ পরিচিতিঃ





৩.২ প্রোডাক্টের সাথে নিম্ন বর্ণিত আইটেমগুলো পাবেনঃ

ম্যানুয়াল বই	ইনলেট পাইপ	রেঞ্চ	রেট ট্রে	ড্রেন পাইপ সাপোর্ট	ট্রান্সপোর্ট বোল্ট কভার
					

৩.৩ ডিটারজেন্ট বক্সের প্রতিটি অংশের পরিচিতিঃ



বিঃ দ্রঃ

১) প্রস্তুতকারকের বিশেষ নির্দেশনা থাকলে সে অনুসারে ডিটারজেন্ট ব্যবহার করুন।

২) অতিরিক্ত ডিটারজেন্ট ব্যবহার অত্যধিক ফেনা সৃষ্টি করবে। তাতে মেশিনের ফাংশনে সমস্যা হতে পারে।

৩) কাপড়ের ধরন, পানির তাপমাত্রা এবং দাগ অনুযায়ী উপযুক্ত ডিটারজেন্ট নির্বাচন করুন।

মেশিন স্থাপন পদ্ধতি

৪.১ পরিবহণ ও অবস্থানঃ

i) মেশিনটি বহনের জন্য কমপক্ষে দুজনের প্রয়োজন। একজন করে দুই পাশে মেশিনের নিচের দিকে ধরে দুইজন মেশিনটি বহন করবেন।



ii) মেশিনের অভ্যন্তরে ৪টি বোল্ট রাখা হয়েছে। যাতায়াতের সময় মেশিনটিকে রক্ষা করতে তাদের অপসারন করে নিন।

iii) প্রোডাক্টের সাথে দেয়া রেঞ্চ দিয়ে ঘুরিয়ে ৪ টি বোল্ট ঢিলা করতে হবে। তারপর বোল্ট রাবার কে হাল্কাভাবে নাড়িয়ে এবং টান দিয়ে বোল্ট খুলে নিতে হবে। খোলার পর বোল্ট এবং রেঞ্চ রেখে দিন। এগুলো আবার একইভাবে লাগানোর প্রয়োজন হবে যদি কখনও প্রোডাক্ট বাসা থেকে স্থানান্তর করতে হয়।



iv) বোল্ট খোলার পর ছিদ্রগুলো ট্রান্সপোর্ট বোল্ট কভার দিয়ে ঢেকে দিতে হবে।





v) পেশাদার রক্ষনাবেক্ষন কমিকে মেশিনটি ইন্সটল করতে দিন।

vi) ওয়াশিং মেশিনটি অবশ্যই শক্ত, সমতল এবং পিচ্ছিল নয় এমন মেঝেতে ইন্সটল করা আবশ্যক। নরম বা কাঠের মেঝেতে রাখা যাবেনা। চারদিকে আবদ্ধ অবস্থায় রাখা নিষিদ্ধ।

vii) মেশিনটিকে আনুভুমিকভাবে রাখুন।

viii) মেশিনটিকে বিদ্যুৎ সকেটের কাছাকাছি রাখার চেষ্টা করুন।

ix) মেশিনটি মেঝের সাথে একই লেভেলে আছে কিনা তা পরিক্ষা করুন।

x) মেশিনটি মেঝের সাথে একই লেভেলে আনার জন্য প্রয়োজনে মেশিনের পা গুলি ঘুরিয়ে সামঞ্জস্য করে নিন।

xi) মেশিনের উপর আড়াআড়ি আপনার হাত রাখুন, তা স্থির রয়েছে কিনা নিশ্চিত হয়ে নিন।

xii) নিশ্চিত হয়ে নিন যে ব্যবহারের আগে ওয়াশিং মেশিনের নিচে বেস কর্ক শিট আটকে নেই। অন্যথায় এটি ওয়াশিং মেশিনের স্বাভাবিক ব্যবহারকে প্রভাবিত করবে।

xiii) এছাড়া ব্যবহারের পূর্বে মেশিনটির নিচে রেট ট্রে স্থাপন করে নিন। এটি আপনাকে বাসার ইদুর বা অন্যান্য ছোট প্রাণী দ্বারা মেশিনের নিচ দিয়ে প্রবেশ রহিত করবে।



৪.২ পানির ট্যাঁপের সাথে ইনলেট পাইপের ইউনিভারসাল কানেক্টর সংযোগঃ

সঠিক পানির কল নির্বাচনঃ

শুধু পানির কলের সার্কুলার ক্রস সেকশনের ওপর অ্যাডেপ্টার ব্যবহার করুন।



উপবৃত্তাকার বা ষড়ভুজ আকৃতির এ ধরনের কলের মুখ ব্যবহার করা যাবে না।



পানির কলের মুখ মসৃণ হওয়া বাঞ্ছনীয়।
এর সামনের দৈর্ঘ্য ১০ মিলিমিটারের বেশি হতে পারবে না।

i) ইউনিভারসাল কানেক্টর এক হাতে এবং লক লিভার আরেক হাতে নিচের দিকে চেপে ধরে ইউনিভারসাল কানেক্টর এবং ওয়াটার সাপ্লাই হোস আলাদা করুন।

ii) কানেক্টর রিং থেকে প্লাস্টিক অংশটি ঘড়ির কাঁটার বিপরীতে দিকে ঘুরিয়ে কিছুটা থ্রেড থেকে নামিয়ে নিন।

iii) যদি ট্যাঁপের আউটার ডায়ামিটার জয়েন্ট রিংয়ের থেকে বড় হয়, তবে ৪ টি স্ক্রু ঢিলা করে ইউনিভারসাল কানেক্টর থেকে জয়েন্ট রিংটি বাদ দিতে হবে।

iv) ৪টি স্ক্রু ঢিলা করে ইউনিভারসাল কানেক্টরের উপরিভাগ ট্যাঁপের উপর স্লাইড করুন।

v) এবার ৪টি স্ক্রু ড্রাইভারের সাহায্যে দৃঢ়ভাবে ইউনিভারসাল কানেক্টরের সাথে লাগান যেন ট্যাঁপের সাথে এর উপরিভাগের সংযোগটি নিশ্চিত হয়।

vi) কানেক্টর রিং এর নিচের প্লাস্টিক অংশটি ঘড়ির কাঁটার দিকে ঘুরিয়ে টাইট করে নিন যতটা সম্ভব।

vii) ঠিকভাবে লেগেছে কিনা বুঝার জন্য কানেক্টরের মাথা আঙ্গুল দিয়ে বন্ধ করে কল ছেড়ে দেখুন আঙ্গুলে পানির প্রেশার অনুভুত হয় কিনা এবং পানি কানেকটরের উপর থেকে লিক করে বের হয়ে আসে কিনা। যদি অনুভুত হয় এবং লিক না হয় তাহলে বুঝতে হবে কানেকটরটি সঠিকভাবে লাগানো হয়েছে।



৪.৩ ওয়াটার সাপ্লাই হোসের সাথে ইউনিভারসাল কানেক্টর সংযোগঃ

i) পাইপের লক লিভার নিচের দিকে এক হাতে চেপে ধরে অন্য হাত দিয়ে পাইপটি ইউনিভারসাল কানেক্টরের মধ্যে যতটা সম্ভব ঢুকিয়ে লক লিভারটি ছেড়ে দিন। পাইপটি আটকে যাওয়ার কথা। এবার হাত দিয়ে টেনে দেখুন পাইপ খুলে যায় কিনা।

ii) ইনলেট হোসটি সঠিকভাবে সংযুক্ত আছে কিনা, তা নিশ্চিত হয়ে নিন।

বিঃ দ্রঃ

i) সংযোগের পর হোসে যদি কোন ফাকা থাকে, তাহলে ইনলেট হোসটি পুনরায় সংযোগ দেয়ার জন্য সকল পদক্ষেপগুলো পুনরাবৃত্তি করুন।

ii) হোসটি বাকাবেন না।

iii) প্রতিবার ব্যবহার করার পর হোস সংযোগটি সাবধানতার সাথে চেক করুন।

৪.৪ মেশিনের বডির সাথে ইনলেট হোসের সংযোগঃ

i) ওয়াটার হোসটির মধ্যে কালো গ্যাসকেট রিং থাকার কথা।

ii) বডির ইনলেট নলের মধ্যে হোস পাইপটি ধরে প্রবেশ করিয়ে পাইপের প্লাস্টিক নাটটি ঘড়ির কাটার দিকে ঘুরিয়ে টাইট করুন।



বিঃ দ্রঃ

i) হোসটি বাকাবেন না।

ii) প্রতিবার ওয়াশার বব্যবহার করার পর হোস সংযোগটি সাবধানতার সাথে চেক করুন।

৪.৫ ওয়াটার সাপ্লাই হোস বিচ্ছিন্নকরণঃ

i) ট্যাঁপটি বন্ধ করুন।

ii) লক লিভারটি এবং জয়েন্টের ফিমেল স্লিভটি আঙ্গুলের মাধ্যমে নিচের দিকে চাপ দিয়ে মেল কাপ্লার এবং ফিমেল কাপ্লার দুইটাকে পরস্পরের দিকে বিচ্ছিন্ন করুন।

iii) ওয়াটার ইনলেট হোসটিকে বিচ্ছিন্ন করার জন্য তা ঘড়ির কাঁটার দিকে ঘুরান।



৪.৬ ড্রেন হোস সংযোগঃ

i) মেঝে থেকে ড্রেন হোসটি ৬৫ থেকে ১০০ সেমি উঁচুতে স্থাপন করুন। অন্যথায় ভালভাবে ময়লা পরিষ্কার হবেনা।

ii) সতর্কতার সহিত নিশ্চিত করুন যেন সমস্ত হোসগুলো আঁটসাঁটভাবে লাগানো হয়।

iii) যখন ওয়াশিং মেশিন কাজ শেষ হয়ে যাবে, ওয়াশিং মেশিনের পিছনে ড্রেন পাইপটি পানির মধ্যে নিমজ্জিত করবেন না।

iv) মেশিনটির কার্যক্রম স্বাভাবিক রাখতে পাম্প পরিষ্কার রাখুন।



৪.৭ বটম প্লেট লাগানোঃ

ধাপ সমূহ:

i) মেশিনটিকে কাত করে শোয়াতে হবে।

ii) বটম প্লেটটিকে মেশিনের নির্দিষ্ট খাঁজের মধ্যে রাখতে হবে।

iii) স্ক্রু ড্রাইভারের মাধ্যমে নির্দিষ্ট স্থানে স্ক্রু টাইট করে লাগাতে হবে।

iv) এখন মেশিনটিকে পূর্বের ন্যায় দাঁড়া করিয়ে দিতে হবে।



মেশিন পরিচালনা

৫.১ মেশিনের কন্ট্রোল প্যানেলের প্রোগ্রাম পরিচিতিঃ



উদাহরণঃ **FL85-A03** মডেলের কন্ট্রোল প্যানেল

বাটন	উদ্দেশ্য
ON/OFF	মেশিন অন করার জন্য একবার প্রেস করতে হবে।
	মেশিন অফ করার জন্য একটানা ৩ সেকেন্ড ধরে থাকতে হবে।
▶‖	প্রোগ্রাম অপারেশন চালু/বন্ধ করার জন্য একবার প্রেস করতে হবে।

Program'	এই বাটনের মাধ্যমে বাম পাশের ৮ টি প্রোগ্রাম নির্বাচন করা যাবে।
Program"	এই বাটনের মাধ্যমে ডান পাশের ৮ টি প্রোগ্রাম নির্বাচন করা যাবে।
<<<Wash (Slide to Control)>>>	প্রোগ্রেস বারটি চেপে গিয়ার, সময়, ওয়াশ অপশন পরিবর্তন করা যাবে।
*Pre Delay	নির্দিষ্ট সময় পর ওয়াশ চালু করার জন্য এই প্রোগ্রাম প্রয়োজন হবে।
*Child Lock	প্রোগ্রাম চলমান অবস্থায় লক করে রাখার জন্য ব্যবহার করা হয়। তখন অন্য কোনো ফাংশন চালু করতে দিবেনা।
TEMP	তাপমাত্রা পরিবর্তন করার জন্য এই ফাংশন ব্যবহার করতে হবে।
SPEED	স্পিনের ঘূর্ণন গতি পরিবর্তনের জন্য এই ফাংশন ব্যবহার করতে হবে।

৫.২ প্রোগ্রামসমূহ ব্যবহারের উদ্দেশ্যঃ

প্রোগ্রাম	কখন ব্যবহার করতে হবে	কাপড়ের ধরণ
Cotton	সুতি কাপড় ধোওয়ার জন্য Default প্রোগ্রাম	সুতি কাপড়
SHIRT	শার্ট ধোওয়ার জন্য Default প্রোগ্রাম	যে কোন কাপড়
QUICK15'	অল্প সময়ের মধ্যে কাপড় ধোয়া, পানি নেয়া এবং পানি ঝরানো। প্রায় ১৫-২০ মিনিটের মধ্যে প্রোগ্রাম শেষ হয়।	যে কোন কাপড়
DELICATE	সূক্ষ্ম কাপড় ধোওয়ার জন্য Default প্রোগ্রাম	সিল্ক, নিট এবং অন্যান্য পাতলা কাপড়
QUICK42'	তুলনামূলক সময় নিয়ে কাপড় ধোয়া, পানি নেয়া এবং পানি ঝরানো। প্রায় ৪২-৫০ মিনিটের মধ্যে প্রোগ্রাম শেষ হয়।	যে কোন কাপড়
UNDERWEAR	জামার ভেতরের অন্তর্বাস ধোওয়ার জন্য Default প্রোগ্রাম।	যে কোন ধরণের কাপড়
MIX	বিভিন্ন ধরণের কাপড় একসাথে ধোয়ার জন্য Default প্রোগ্রাম।	বিভিন্ন ধরণের কাপড় একসাথে
BABY CARE	বাচ্চার জামা কাপড় ধোওয়ার জন্য Default প্রোগ্রাম। অতিরিক্ত cycle এর সাথে উচ্চ তাপমাত্রা সহ ধোয়া যা থেকে শিশুর ত্বককে রক্ষা করা।	বাচ্চার জামা কাপড়
Sports/Fitness	জার্সি, ট্রাউজার জাতীয় পোশাক ওয়াশ করার জন্য Default প্রোগ্রাম।	জার্সি, ট্রাউজার জাতীয় পোশাক

SYNTHETICS	সিন্থেটিক কাপড় ধোওয়ার জন্য Default প্রোগ্রাম।	পলিসটার কাপড়
DUVET	ভারী মোটা কাপড় ধোওয়ার জন্য Default প্রোগ্রাম।	কাঁথা, জিন্স, পাতলা কম্বল
WOOL	যে কোনো পশমী/লোমশ জাতীয় কাপড় ধোওয়ার জন্য Default প্রোগ্রাম।	শীতের সোয়েটার
ECO	তুলনামূলক কম বিদ্যুৎ খরচে ধোয়ার জন্য	যে কোন ধরণের কাপড়
TUB CLEAN	ড্রাম খালি অবস্থায চালাতে হবে। স্বাভাবিকভাবে ২/৩ মাস চালানোর পর এই মোডে চালানো উচিত।	কোনো ডিটারজেন্ট এবং কাপড় থাকবেনা
RINSE+SPIN	পুনরায় পানি নিয়ে ধোয়া এবং ওয়াশ শেষে পানি ঝরানোর জন্য	যে কোন ধরণের কাপড়
SPIN	ওয়াশ শেষে শুধু পানি ঝরানো	যে কোন ধরণের কাপড়

৫.৩ কন্ট্রোল প্যানেল স্ক্রিনঃ

i) ওয়াশ সময়/বিলম্ব ওয়াশ সময় দেখা যাবে। সময় ক্রমান্বয়ে কমতে থাকবে।
ii) ওয়াশের সময় কোন অস্বাভাবিক কিছু ঘটলে, স্ক্রিনে Error সিগনাল দেখাবে। যেমন- E5, E3 এরকম।
iii) যদি দেখানো সময় প্রকৃত সময়ের চেয়ে ভিন্ন হয়, প্রোগ্রাম সেটা অ্যাডজাস্ট করে নিবে। এটি কোন Error নয়।

৫.৪ স্বাভাবিক ধৌতকরণ প্রক্রিয়াঃ

i) কাপড় ওয়াশিং ড্রামে লোড করে মেশিনের দরজা বন্ধ করুন।
ii) ডিটারজেন্ট বক্স বের করে তাতে ডিটারজেন্ট দিয়ে আবার ভেতরের দিকে চাপ দিয়ে বসিয়ে দিতে হবে।
iii) ইনলেট পাইপ সংযুক্ত করুন এবং পানির ট্যাঁপটি অন করুন।
iv) ড্রেন পাইপ ঠিক জায়গায় রেখে পাওয়ার সুইচ অন করুন।
v) নিম্ন ধারায় প্রোগ্রাম নির্বাচন করা যাবেঃ
Cotton-Quick 15’-Quick 42’-Mix-Shirt-Delicate-Underwear-Baby Care
Duvet-Sports-Wool-Synthetic-Eco-Tub Clean-Rinse+Spin-Spin
vi) “START/PAUSE” বাটনটি প্রেস করুন।
vii) প্রোগ্রাম শেষ হলে ডিসপ্লে স্ক্রিনে “END” লেখা সহ হাল্কা শব্দ করবে।
viii) দরজা খুলে কাপড় বের করে নিন।
ix) ইলেকট্রিক্যাল সংযোগ বিচ্ছিন্ন করুন।

৫.৫ প্রোগ্রামে নিজস্ব পছন্দ অনুযায়ী ধৌতকরণ প্রক্রিয়াঃ

১. কাপড় ওয়াশিং ড্রামে লোড করে মেশিনের দরজা বন্ধ করুন।

২. ডিটারজেন্ট বক্স বের করে তাতে ডিটারজেন্ট দিয়ে আবার ভেতরের দিকে চাপ দিয়ে বসিয়ে দিতে হবে।

৩. ইনলেট পাইপ সংযুক্ত করুন এবং পানির ট্যাপটি অন করুন।

৪. ড্রেন পাইপ ঠিক জায়গায় রেখে পাওয়ার সুইচ অন করুন।

৫. নিম্ন ধারায় প্রোগ্রামে নিজের মত করে তাপমাত্রা, স্পিন গতি, কতবার পানি নেয়া, কত সময় পর অপারেশন চালু করা ইত্যাদি পরিবর্তন করে নির্বাচন করা যাবেঃ

"Temp"/"Rinse"/"Speed" যেমন-

* তাপমাত্রা পরিবর্তন করতে চাইলে "**TEMP**" বাটন দিয়ে তাপমাত্রা নির্বাচন করুন।

* কিছু সময় পর অপারেশন চালু করতে চাইলে "**Pre Delay**" ফাংশন ব্যবহার করা যাবে।

* ওয়াশের পর কতবার পানি দিয়ে স্পিন করতে চান, তার জন্য "**RINSE**" এর মাধ্যমে নির্বাচন করুন।

* ঘূর্ণন গতি পরিবর্তন করতে চাইলে "**SPEED**" বাটন দিয়ে গতি নির্বাচন করুন।

৬. "**START/PAUSE**" বাটনটি প্রেস করুন।

৭. প্রোগ্রাম শেষ হলে ডিসপ্লে স্ক্রিনে "**END**" লেখা সহ হাল্কা শব্দ করবে।

৫.৬ "Pre Delay" ফাংশন ব্যবহার প্রক্রিয়াঃ

১. পাওয়ার অন করে সঠিক প্রোগ্রাম নির্বাচন করুন।

২. "**TEMP**" বাটনটি প্রেস করে ৩ সেকেন্ড ধরে থাকতে হবে। তাহলে "**Pre Delay**" ফাংশন নির্বাচিত হবে।

৩. বাটনটিতে প্রত্যেকবার প্রেস করলে সময় পরিবর্তন হতে থাকবে। এরপর প্রয়োজনীয় সময় নির্বাচন করুন।

৪. "**START/PAUSE**" বাটনটি প্রেস করুন।

বিঃদ্রঃ

১. "**Pre Delay**" ফাংশনের ক্ষেত্রে ১ ঘণ্টা বিরতি দিয়ে ২৪ ঘণ্টা পর্যন্ত সময়সীমা নির্বাচন করা যাবে।

২. পূর্বের নির্বাচিত সময় পরিবর্তন করার দরকার হলে পাওয়ার বাটন প্রেস করে আবার নতুন করে সময় নির্বাচন করতে হবে।

৩. পূর্বের নির্বাচিত সময় বাতিল করার দরকার হলে পাওয়া

৪. সময় নির্বাচন করার পর নির্বাচিত সময়তি ৫ সেকেন্ডের জন্য ডিসপ্লেতে প্রদর্শিত হবে। **i** বাটন প্রেস করতে হবে।

৫.৭ “**Child Lock**” ফাংশন ব্যবহার প্রক্রিয়াঃ

১. পাওয়ার অন করে সঠিক প্রোগ্রাম নির্বাচন করুন।

২. “**START/PAUSE**” বাটনটি প্রেস করুন।

৩. প্রোগ্রাম চলমান অবস্থায় “**SPEED**” বাটনটি প্রেস করে ৩ সেকেন্ড ধরে থাকতে হবে। তাহলে “**Child Lock**” ফাংশন নির্বাচিত হবে।

৪. ফাংশনটি বাতিল করতে চাইলে একইভাবে “**SPEED**” বাটনটি প্রেস করে ৩ সেকেন্ড ধরে থাকতে হবে।

৫.৮ প্রোগ্রাম+তাপমাত্রা+স্পিন স্পিড+সময় টেবিলঃ

কার্যক্রম	তাপমাত্রা প্রদর্শিত (পরিবর্তনীয়)	প্রদর্শিত সময়	প্রদর্শিত সময়
Cotton	Cold (20^{o}C, 40^{o}C, 60^{o}C, 90^{o}C)	1000 (0, 400, 800, 1200)	60
Quick 15'	Cold (20^{o}C, 40^{o}C)	800 (0, 400)	15
Quick 42'	20^{o}C (cold, 40^{o}C)	800 (0, 400)	42
Mix	Cold (20^{o}C, 40^{o}C)	800 (0, 400)	65
Shirt	20^{o}C (cold, 40^{o}C)	800 (0, 400)	54
Delicate	20^{o}C (cold, 40^{o}C)	800 (0, 400)	48
Underwear	40^{o}C (cold, 20^{o}C)	800 (0, 400)	52
Baby Care	60^{o}C (40^{o}C, 90^{o}C)	800 (0, 400, 1000)	126
Duvet	40^{o}C (cold, 20^{o}C)	800 (0, 400)	68
Sports	Cold (20^{o}C, 40^{o}C)	800 (0, 400)	44
Wool	40^{o}C (cold, 20^{o}C)	800 (0, 400)	47
Synthetic	40^{o}C (cold, 20^{o}C, 60^{o}C)	1000 (0, 400, 800, 1200)	73
Eco	20^{o}C (cold, 40^{o}C, 60^{o}C)	800 (0, 400, 1000, 1200)	57
Tub Clean	60^{o}C	800	75
Rinse+Spin	--	1000 (0, 400, 800, 1200)	17
Spin	--	1000 (0, 400, 800, 1200)	11

৫.৯ ডোর লক এবং আনলক পদ্ধতিঃ

১. ডোর লক

i) মেশিনটি যখন কাজ করছে দরজাটি স্বয়ংক্রিয়ভাবে লক হয়ে যায়। এটা তখন খোলা যায়না। ডিসপ্লেতে লক সাইন জ্বলে থাকবে।

ii) যখন উচ্চতাপমাত্রায় মেশিনটি চলছে তখন ব্যবহারকারী দরজা খুলতে পারবেন না।
iii) যদি পানির লেভেল অনেক বেশি হয় তখন ব্যবহারকারী দরজা খুলতে পারবেন না।
iv) মেশিন চলমান অবস্থায় বিদ্যুৎ চলে গেলে দরজা খোলা যাবেনা।

২. ডোর আনলক

i) মেশিনটি যখন কাজ করছে তখন "**START/PAUSE**" বাটনটি প্রেস করুন। টাবের স্পিন বন্ধ হয়ে যাবার ১০ সেকেন্ড পর দরজাটি অটোমেটিক ভাবে আনলক হয়ে যাবে।
ii) মেশিনটি পাওয়ার অফ করলে ৬৫-৮৫ সেকেন্ড পর দরজাটি অটোমেটিক ভাবে আনলক হয়ে যাবে।

মেশিন রক্ষণাবেক্ষণ

***** রক্ষণাবেক্ষণের কাজ অবশ্যই মেশিনের বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে কাজ করতে হবে *****

৬.১ মেশিনের উপরিভাগ পরিস্কারকরনঃ

১) যদি মেশিনটির উপরে কোন পানি থাকে তাহলে শুকনো কাপড় দিয়ে তাড়াতাড়ি মুছে ফেলুন। কোন শক্ত বস্তু অনুমোদিত নয়। কারণ এটি মেশিনের ক্ষতি করতে পারে। পেট্রল/অ্যালকালাইন বা অন্য কোনো সলভেন্ট দ্বারা পরিষ্কার করবেন না। হালকা ভেজা কাপড় দিয়ে মুছে পরিষ্কার করা যাবে। তবে পরিষ্কারের সময় অবশ্যই বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন থাকতে হবে।
২) প্রয়োজনে হাল্কা নরম ডিটারজেন্ট দিয়ে মেশিনের উপরিভাগ পরিস্কার করা যেতে পারে।

৬.২ ওয়াটার ইনলেট লাইন ফিল্টার পরিস্কারকরণঃ

নির্দিষ্ট সময় (প্রতি ৩ মাসে ১ বার) পর পর ওয়াটার ইনলেট ফিল্টার পরিস্কার করুন।
১) ওয়াল সকেট থেকে পাওয়ার প্লাগ খুলে ফেলুন।
২) ওয়াটার ট্যাঁপ বন্ধ করুন।
৩) ইনলেট হোসটি আলাদা করুন এবং জালি ফিলটারটি খুলে ফেলুন।
৪) পুরানো টুথব্রাশ দিয়ে জালি ফিলটার পরিস্কার করে আবার সেট করুন।
৫) কাজ শেষে পুনরায় আবার সঠিকভাবে লাগিয়ে নিন।



৬.৩ ডিটারজেন্ট ড্রয়ার পরিস্কারকরণঃ

নির্দিষ্ট সময় (প্রতি ৩ মাসে ১ বার) পর পর কাজটি করতে হবে।
১) ড্রয়ারের ভেতর "①" লেখা অংশে নিচের দিকে চাপ দিন এবং ডিটারজেন্ট ড্রয়ার বের করুন।
২) ক্লিপ কাপ উঠিয়ে নিন এবং সফটেনার কভার বের করুন।
৩) সকল খাজ পানি দিয়ে পরিস্কার করুন।

১) সফটেনার কভার সংযুক্ত করে পূর্বের প্রক্রিয়ায় ড্রয়ারটি বন্ধ করুন।



৬.৪ পানির টেপের সাথে লাগানো কানেকটর পরিষ্কারকরণঃ

১) নির্দিষ্ট সময় (প্রতি ৩ মাসে ১ বার) পর পর কাজটি করতে হবে। যদি বেশি ময়লা জমে, তাহলে পানির স্পিড প্রভাবিত হবে। সেক্ষেত্রে কানেক্টর থেকে ইনলেট হোসটি আলাদা করুন।

২) এবার পানির টেপ থেকে কানেক্টর আলাদা করুন।

৩) পরিষ্কার করে আবার পূর্বের ন্যায় লাগিয়ে নিন।

৬.৫ ডোর গ্যাসকেট রিং পরিষ্কারকরণঃ

প্রতিবার ওয়াশের পর নিয়মিতভাবে যে কোন অনাকাংখিত বস্তু বিশেষ ড্রামের মধ্যে পড়ে আছে কিনা দেখে নিতে হবে। কিছু পাওয়া গেলে সেগুলো সরিয়ে ফেলতে হবে।

৬.৬ জরুরি ড্রেন লাইন ফিলটার পরিষ্কারকরণঃ

নির্দিষ্ট সময় (প্রতি ৩ মাসে ১ বার) পর পর কাজটি করতে হবে।

১) হাত দিয়ে চাপ দিয়ে না খুললে মাইনাস ড্রাইভার বা চ্যাপ্টা মাথা যুক্ত টুলস দিয়ে কভারের লক অংশে হাল্কা চাপ দিতে হবে। কভারটি খুলে পাইপটি বের করতে হবে। যদি গরম পানি থাকে, তবে ঠাণ্ডা হওয়ার পর কাজ করতে হবে।

২) পাইপের মুখে থাকা ক্যাপটি ঘড়ির কাঁটার বিপরিতে ঘুরিয়ে খুলতে হবে। ফিলটার টি ওয়াশ করতে হবে।

৩) আবার আগের জায়গায় বসিয়ে ঘড়ির কাঁটা দিকে ঘুরিয়ে টাইট করে লাগাতে হবে।



কাপড়ের কেয়ার লেবেল

- Resistant material
- Delicate fabric
- Item may be washed at 90°C
- Item may be washed at 60°C
- Item may be washed at 40°C
- Item may be washed at 30°C
- Item may be hand washed
- Dry clean only
- Can be bleached in cold water
- Do not bleach
- Can be ironed at 200°C max
- Can be ironed at 150°C max
- Can be ironed at 100°C max
- Do not iron
- Can be dry cleaned using any solvent
- Dry clean with perchloride, lighter fuel, pure alcohol or R113 only
- Dry clean with aviation fuel, pure alcohol or R113 only
- Do not dry clean
- Dry flat
- Can be hung to dry
- Dry on clothes hanger
- Tumble dry, normal heat
- Tumble dry, reduced heat
- Do not tumble dry

সমস্যা ও প্রাথমিক সমাধান

*** প্রাথমিক ভাবে সমাধান না হলে পানি এবং বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে সার্ভিস সেন্টারে কল করুন ***

সমস্যা	সমাধান
মেশিন চালু না হওয়া	বিদ্যুৎ সংযোগ ঠিকভাবে পাচ্ছে কিনা
	পাওয়ার বাটন চাপা হয়েছে কিনা
	"START/PAUSE" বাটনটি চাপা হয়েছে কিনা
	"Time Delay" ফিচারটি চালু আছে কিনা
মেশিনে অবশিষ্ট পানি থাকা	এটি স্বাভাবিক এবং কারখানায় মেশিনটি পরিষ্কার কারনে হতে পারে

পানি না আসা	ইনলেট পাইপ ভালভাবে সংযুক্ত আছে কিনা
	পানির কল ছাড়া আছে কিনা
	ফিলটার ব্লক হয়ে আছে কিনা
অস্বাভাবিক শব্দ ও অতিরিক্ত কম্পন	ট্রান্সপোর্ট বোল্ট খোলা হয়েছে কিনা
	মেশিনের পাগুলো এবং নিচের স্তর ঠিকমতো বসানো আছে কিনা
	মেশিনটি সঠিকভাবে শক্ত ও সমান জায়গায় বসানো হয়েছে কিনা
	মেশিনের ভেতরে কোন ধাতব পদার্থ আছে কিনা
দরজা খোলা যাচ্ছেনা	প্রোগ্রাম চলমান আছে কিনা
	দরজা এবং দরজার সিলের মধ্যে কাপড় আটকে আছে কিনা
ভেতরে কোন ভিন্ন গন্ধ পাওয়া যাচ্ছে	ভেতরে রাবারের কোন গন্ধ পাওয়া যেতে পারে। কেননা দরজার গ্যাসকেট রাবারের তৈরি
পানি বার বার নিচ্ছে	ভেতরে ভাবল তৈরি হয়ে থাকতে পারে অতিরিক্ত ডিটারজেনট দেয়ার কারনে। এটি কয়েকবার পানি নিয়ে ওয়াশ করে ঠিক হয়ে যাবে
ডিসপ্লেতে দেখানো বাকি সময় পরিবর্তন হচ্ছেনা/বাড়ছে	যদি ভেতরের কাপড় আনব্যাল্যান্স থাকে, স্পিন টাইম বারতে পারে সেটা ঠিক করে চালানোর জন্য। সে জন্য সময় নাও কমতে পারে
বিদ্যুৎ চলে যাওয়ার পর মেশিন চলছেনা	বিদ্যুৎ চলে গেলে মেশিন কাজ করবেনা। বিদ্যুৎ আসার পর মেশিনটি নিজে থেকে আগের প্রোগ্রাম অবস্থান থেকে চালু হবে

বিভিন্ন **ERROR** কোড এবং করণীয়

সমস্যা	সমাধান
স্পিন চলা অবস্থায় ডিসপ্লেতে ‘UE’ সিগনাল দেখাচ্ছে	ট্রান্সপোর্ট বোলট খোলা হয়েছে কিনা। না হলে খুলে নিন।
	মেশিন কি সোজাভাবে এবং সমতল ঠিক রেখে বসানো হয়েছে কিনা। তাহলে সঠিকভাবে বসিয়ে নিন।
	ভেতরে কাপড় খুব হালকা বা খুব কম কিনা। কম হলে আরও কিছু কাপড় বাড়িয়ে নিন।
ডিসপ্লেতে ‘IE’ সিগনাল দেখাচ্ছে (মানে হচ্ছে পানি আসছেনা)	পানির কল বন্ধ কিনা। বন্ধ থাকলে চালু করে দিন।
	আদৌ পানি সরবরাহ হচ্ছে কিনা। পানি সরবরাহ হলেও প্রেসার খুব কম কিনা। তাহলে একটু অপেক্ষা করে দেখুন।
	ইনলেট পাইপের ফিলটার জ্যাম হয়ে আছে কিনা। তাহলে পরিস্কার করে নিন।

ডিসপ্লেতে 'OE' সিগনাল দেখাচ্ছে (মানে হচ্ছে পানি ড্রেন হচ্ছেনা)	ড্রেন পাইপ অনেক উপরে রাখা কিনা। সেক্ষেত্রে পাইপ নামিয়ে ১ মিটার উচ্চতার মধ্যে নামিয়ে আনুন।
	ড্রেন পাইপ জ্যাম হয়ে আছে কিনা। তাহলে জ্যাম পরিষ্কার করে নিন।
	ফ্লোরের ড্রেন অংশ জ্যাম কিনা। হলে সেটা পরিষ্কার করে নিন।
	ড্রেন মোটর সংযোগ বিচ্ছিন্ন থাকতে পারে। সেক্ষেত্রে পানি এবং বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে সার্ভিস সেন্টারে কল করুন।
ডিসপ্লেতে 'DE' সিগনাল দেখাচ্ছে(মানে হচ্ছে দরজা ঠিকভাবে লক হয়নি)	দরজা ভালভাবে না লাগিয়ে মেশিন চালু করা হয়েছে কিনা। তাহলে মেশিন থামিয়ে দরজা আবার খুলে ঠিকভাবে লাগাতে হবে। দরজা ঠিকভাবে লাগলে স্ক্রিনে লক সাইন জ্বলে থাকবে।
ডিসপ্লেতে 'EE' সিগনাল দেখাচ্ছে (মানে হচ্ছে কোন হিট হচ্ছেনা)	পানি এবং বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে সার্ভিস সেন্টারে কল করুন।
ডিসপ্লেতে 'FE' সিগনাল দেখাচ্ছে (মানে হচ্ছে পানি নেয়া বন্ধ হচ্ছেনা)	ওয়াটার ইনলেট ভাল্‌ভ এবং ওয়াটার লেভেল সেন্সর এর অস্বাভাবিকতার জন্য হতে পারে। সেক্ষেত্রে পানি এবং বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে সার্ভিস সেন্টারে কল করুন।
ডিসপ্লেতে 'CE' বা 'LE' সিগনাল দেখাচ্ছে (মানে হচ্ছে ওয়াশ ড্রাম ঘুরছেনা)	মোটর কানেকশন বিচ্ছিন্ন থাকতে পারে। ভি-বেলট লুজ থাকতে পারে। এক্ষেত্রে পানি এবং বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে সার্ভিস সেন্টারে কল করুন।
ডিসপ্লেতে 'PE' সিগনাল দেখাচ্ছে(মানে হচ্ছে ওয়াটার লেভেল সেন্সরের সমস্যা)	পানি এবং বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করে সার্ভিস সেন্টারে কল করুন।

পরিবেশ রক্ষা

* ওয়াশার পুনর্ব্যবহারযোগ্য উপকরণ দ্বারা নির্মিত হয়। আপনি যদি সিদ্ধান্ত নেন এই ওয়াশার ব্যবহার শেষ করবেন, দয়া করে স্থানীয় বর্জ্য নিষ্পত্তি করণ আইন পর্যবেক্ষণ করুন। পাওয়ার কর্ডটি কেটে দিন যাতে ওয়াশার আর পাওয়ার লাইনের সাথে সংযুক্ত হতে না পারে। দরজা সরিয়ে নিন যাতে ছোট প্রাণী এবং শিশুরা ওয়াশারের ভিতরে আটকাতে পারে না।

* ডিটারজেন্ট উৎপাদকের সুপারিশকৃত ডিটারজেন্টের পরিমাণ অতিক্রম করবেন না।

* শুধুমাত্র ধোয়ার চক্রের আগে দাগ অপসারণ পণ্য এবং ব্লেস ব্যবহার করুন যখন কঠোরভাবে প্রয়োজন।

* শুধুমাত্র সম্পূর্ণ লোডে ওয়াশার ব্যবহার করে পানি এবং বিদ্যুৎ সাশ্রয় করুন (সঠিক পরিমাণ ব্যবহৃত প্রোগ্রামের উপর নির্ভর করে)।

* এই পণ্যের সঠিক নিষ্পত্তিঃ

এই চিহ্নিতকরণ ইঙ্গিত দেয় যে এই পণ্যটি ইইউ জুড়ে অন্যান্য পরিবারের বর্জ্যের সাথে ফেলা উচিত নয়। অনিয়ন্ত্রিত বর্জ্য নিষ্কাশন থেকে পরিবেশ বা মানুষের স্বাস্থ্যের সম্ভাব্য ক্ষতি রোধ করতে, বস্তুগত সম্পদের টেকসই পুনব্যবহারের জন্য এটিকে দায়িত্বের সাথে পুনর্ব্যবহার করুন। আপনার ব্যবহৃত ডিভাইস ফেরত দেওয়ার জন্য, দয়া করে রিটার্ন এবং কালেকশন সিস্টেম ব্যবহার করুন অথবা খুচরা বিক্রেতার সাথে যোগাযোগ করুন যেখানে পণ্যটি কেনা হয়েছিল। পরিবেশগত নিরাপদ পুনর্ব্যবহারের জন্য তারা এই পণ্যটি নিতে পারে।

RFL ELECTRONICS LTD.

কর্পোরেট অফিস:

আরএফএল ইলেকট্রনিক্স লি.

প্রাণ সেন্টার, ১০৫ প্রগতি সরণি, মধ্য বাড্ডা, ঢাকা-১২১২, বাংলাদেশ

টেলিফোন: +৮৮-০২-২২২২৮১৭৯২, ওয়েব: www.vision.com.bd

কাস্টমার কেয়ার

হটলাইন: ০৮০০৭৭৭৭৭৭৭

ই-মেইল: crd@prangroup.com